

অফিসের নাম: ময়েজউদ্দিন জেলা সরকারি গণগ্রন্থাগার, ফরিদপুর (২০২২-২৩ অর্জন)

দপ্তর পরিচিতি	:	সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীন গণগ্রন্থাগার অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন ময়েজউদ্দিন জেলা সরকারি গণগ্রন্থাগার, ফরিদপুর একটি সরকারি সেবামূলক প্রতিষ্ঠান। শনিবার থেকে বুধবার অফিস ও পাঠকক্ষ খোলা রেখে পাঠকসেবা প্রদান করা হয়। কর্মকর্তা/কর্মচারিসহ সর্বমোট ৪ (চার) জন দায়িত্ব পালন করছেন।
উল্লেখযোগ্য কর্মকাণ্ড	:	ময়েজউদ্দিন জেলা সরকারি গণগ্রন্থাগার, ফরিদপুর কর্তৃক ২০২২-২৩ অর্থবছরে নিয়মিত কার্যক্রমের পাশাপাশি গণগ্রন্থাগার অধিদপ্তরের নির্দেশনা মোতাবেক বিশেষ কার্যক্রম গ্রহণ করে। উল্লেখযোগ্য কার্যক্রমগুলো নিম্নরূপ: ক) পাঠকসেবা: ২০২২-২৩ অর্থবছরে সর্বমোট ১৮,১০৩ জন সেবাগ্রহীতা পাঠকসেবা গ্রহণ করেছেন। বর্তমানে গ্রন্থাগারে পুস্তকের সংখ্যা ৩৭৪৩১টি। খ) জাতীয় গ্রন্থাগার দিবস: এ গ্রন্থাগারের আয়োজনে ০৫ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে আলোচনা সভাসহ বিপুল উৎসাহ উদ্দীপনা ও যথাযথ ভাব গাভীরের মধ্য দিয়ে জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৩ উদ্‌যাপন করা হয়েছে। গ) কর্ণার স্থাপন: শিশুদের গ্রন্থাগারমুখী করার লক্ষ্যে আধুনিক প্রযুক্তি ও সরঞ্জামের সমন্বয়ে 'শিশু কর্ণার' স্থাপন করা হয়েছে। ঘ) নিরাপত্তা কার্যক্রম: গ্রন্থাগারের সার্বিক নিরাপত্তার জন্য ৬টি সিসি ক্যামেরা স্থাপন করা হয়েছে। ফলশ্রুতিতে গ্রন্থাগারের সম্পদ ও পুস্তক চুরি রোধ করা সম্ভব হয়েছে। ঙ) সৌন্দর্যবর্ধন: গ্রন্থাগারে আগত পাঠক-ব্যবহারকারীদের জন্য লাইব্রেরি ব্যবহার উপযোগী নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্ন কার্যক্রম পরিচালনা করা হয়। পাশাপাশি পাঠকক্ষে সামনে ফুলগাছ রোপনের মাধ্যমে সৌন্দর্যবর্ধন করা হয়েছে। চ) বিশুদ্ধ পানি: সেবাগ্রহীতাগণের বিশুদ্ধ পানির চাহিদা পূরণে ইলেকট্রনিক ফিল্টার স্থাপন করা হয়েছে। ছ) প্রতিযোগিতা আয়োজন: ২০২২-২৩ অর্থবছরে জাতীয় দিবসগুলোতে ৮টি প্রতিযোগিতায় ১১টি ইভেন্টে ৬১০ জন প্রতিযোগী অংশগ্রহণ করেন এবং বিজয়ী ১২০ জনকে পুরস্কার হিসেবে পুস্তক, মেডেল ও সনদ বিতরণ করা হয়েছে। জ) বেসরকারি পাঠাগার কার্যক্রম: ফরিদপুর জেলার বিভিন্ন উপজেলায় অবস্থিত ০৫টি বেসরকারি গণগ্রন্থাগার পরিদর্শন ও যাচাই পূর্বক নিবন্ধন সনদ প্রদান করা হয়েছে।
আইসিটি সংক্রান্ত তথ্য	:	২০২২-২৩ অর্থবছরে ৩২৫ জন পাঠককে ইন্টারনেট সেবা প্রদান করা হয়েছে। মাল্টিমিডিয়া প্রজেক্টরের মাধ্যমে অনুষ্ঠান কার্যক্রমসহ বিভিন্ন তথ্য প্রচার করা হয়। এছাড়া A2i প্রকল্পের আওতায় ইনফো-সরকার কর্তৃক প্রদত্ত ইন্টারনেট সংযোগের মাধ্যমে সীমিত পরিসরে wifi প্রযুক্তি সেবা প্রদান করা হচ্ছে। এ গ্রন্থাগারের তথ্য বাতায়ন www.publiclibrary.faridpur.gov.bd ওয়েব সাইটের মাধ্যমে নিয়মিত দাপ্তরিক ও তথ্যসেবা প্রদান করা হচ্ছে। সামাজিক যোগাযোগ মাধ্যম 'জেলা সরকারি গণগ্রন্থাগার, ফরিদপুর' নামে ফেসবুক পেইজ এর মাধ্যমে প্রচার কাজ চলমান আছে।
ডি-নথিতে পত্র জারি ও নোট নিষ্পত্তির সংখ্যা	:	পত্রজারি ১২টি ও নোট নিষ্পত্তির সংখ্যা ০২ টি।
উদ্ভাবনী কার্যক্রম	:	সিনিয়র সিটিজেনদের পাঠের সুবিধার্থে পৃথক টেবিলের ব্যবস্থা, নিউ এ্যারাইভেল সেলফ এর পরিসর বৃদ্ধি করা হয়েছে, শিশু কর্ণার আধুনিকায়ন করা হয়েছে। জেলা প্রশাসন, ফরিদপুরের সহযোগিতায় জেলার বিভাগীয় কর্মকর্তাদের মাঝে মাসিক বইপাঠ প্রতিযোগিতার আয়োজন।
বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী অর্জন	:	২০২২-২৩ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন (এপিএ) এর প্রতিটি সূচকের বিপরীতে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে।
জাতীয় শুদ্ধাচার কৌশল সংক্রান্ত তথ্য	:	২০২২-২৩ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার কৌশল এর প্রতিটি সূচকের বিপরীতে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে।
সিটিজেন চার্টার সংক্রান্ত তথ্য	:	সিটিজেন চার্টার হালনাগাদকৃত। পাঠকসেবা, রেফারেন্স সেবা, সম্প্রসারণমূলক সেবা, পুরাতন পত্রিকা সেবা, বইপাঠে আগ্রহ সৃষ্টির জন্য পুস্তক প্রদর্শনী, গ্রন্থাগার সম্পর্কিত তথ্য প্রদান, ইন্টারনেট সেবা, বইধার সেবা, টয় ব্রিক সেবা প্রদান করা হয়।
তথ্য অধিকার	:	স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ এবং তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণে আলোচনা সভা, প্রচার-প্রচারণাসহ বিভিন্ন কার্যক্রম গ্রহণ।
যোগাযোগ	:	ময়েজউদ্দিন জেলা সরকারি গণগ্রন্থাগার, কমলাপুর, ফরিদপুর। ফোনঃ ০২৪৭৮৮০৩৭৭৭, মোবাঃ ০১৩০৮৪৫৭৩০৬
উল্লেখযোগ্য ছবি ০৩ (তিন কপি)	:	